

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

ডেঙ্গু প্রতিরোধে করণীয় নির্ধারণ সংক্রান্ত সচেতনতামূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	প্রদীপ রঞ্জন চক্রবর্তী অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
তারিখ	:	২৮ জুলাই ২০১৯
সময়	:	বেলা ০২.০০ টা
স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, ডেঙ্গু প্রতিরোধে করণীয় নির্ধারণের বিষয়ে গত ২৪ ও ২৫ জুলাই ২০১৯ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা হয়। উক্ত সভায় ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে প্রত্যেক অফিস প্রধান ২৮ জুলাই ২০১৯ তারিখের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ঐ সিদ্ধান্ত অনুযায়ী এ সভা আহবান করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

০২। সভায় আলোচনাকালে অফিসের ওয়াশ রুম নিয়মিত ফ্লাশ করা, অফিস ত্যাগের প্রাক্তালে বালতি/মগ ইত্যাদি উল্টো করে রেখে যাওয়া, কোথাও পানি জমতে না দেওয়া, ময়লার বালতি নিয়মিত পরিষ্কার করা ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত হয়। আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণও এ জাতীয় সভা আয়োজন করবেন মর্মে সভায় একমত পোষণ করা হয়।

০৩। সভা চলাকালে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সাথে ফোনে আলোচনা হয়। তিনি জানিয়েছেন, আগামী ২৯ জুলাই ২০১৯ তারিখে বেলা ০৩.০০ টার সময়ে সিটি কর্পোরেশন কর্তৃক বাংলাদেশ সচিবালয়ে মশক বিরোধী কার্যক্রম পরিচালনা করা হবে।

০৪। সভার পরে জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব রুহী রহমানসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (ভবন নং ০৮) ভবন সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দক্ষিণ-পূর্ব ওয়াচ টাওয়ারের ছাদে পানি জমে আছে দেখা যায়। ভবনের সামনে দক্ষিণ-পূর্ব কর্ণারে পিডলিউডি কর্তৃক খুড়ে রাখা গর্তে জমা পানি দেখা গেল। জমা পানিতে প্লাস্টিকের খালি বোতল, নষ্ট ইলেকট্রিক ক্যাটলি পাওয়া গেল। ঐ কর্ণারে ভবনের উপরের দিকের ফ্লোর হতে ময়লা আবর্জনা ও নোংরা পানি ফেলা হয়। ফলে ঐ কর্ণারটি খুবই অপরিচ্ছন্ন দেখা গেল। নীচতলার মসজিদের ওযুখনার পরিবেশ ভালো নয়। ০২টি পুরানো বালতিতে ময়লার স্তুপ দেখা গেল। বালতি ০২টি নোংরা।

০৫। উক্ত বিষয়ে অবিলম্বে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে সরেজমিনে অনুরোধ জানানো হয়।


স্বাক্ষরিত/-
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অগ্নি)

স্মারক নং-৫৮,০০,০০০০.০৫২,৫৭,০০১.১৮-৪৬

তারিখ : ১৩ শ্রাবণ ১৪২৬
২৮ জুলাই ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।


(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অগ্নি)